বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক এর দপ্তর (পশ্চিম রিজিয়ন)
পানি ভবন ব্লক-বি, লেভেল-৫, গ্রীণ রোড, ঢাকা।
ফোনঃ ০২২২২২৩০০৬০
ই-মেইল : adg.wr.bwdb@gmail.com
Web: www.bwdb.gov.bd

Office of the Addl. Director General (West Region)
Pani Bhaban, Block-B, (Lvevel-5) Greenroad, Dhaka-1205
Phone: 02222230060
E-mail: adg.wr.bwdb@gmail.com
Web: www.bwdb.gov.bd

স্মারক নং-৭২-অমপ(পঃ রিঃ)বাপাউবো তারিখঃ ২৯.০৮.২০২৪ খ্রিঃ।

## দপ্তরাদেশ

"গঙ্গা কপোতাক্ষ সেচ প্রকল্প পুনর্বাসন" শীর্ষক প্রকল্পের ডিপিপি'র উপর বিগত ০২ জুন' ২০২৪খ্রিঃ তারিখে পিইসি সভা পরিকল্পনা কমিশনের কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রকল্পভূক্ত প্রধান পাম্প, সাবসিডিয়ারী পাম্প, ইনটেক ক্যানেল এবং সাব-স্টেশন এর ব্যয় প্রাক্কলনের লক্ষ্যে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ ও দক্ষ কর্মকর্তা/ব্যক্তি বর্গের সমন্বয়ে কমিটি গঠনপূর্বক মতামত সম্মিলিত প্রাক্কলন ব্যয় অন্তর্ভুক্ত করে ডিপিপি পুনঃগঠন করে দাখিল করার বিষয়ে সভায় আলোচনা হয়। যার প্রেক্ষিতে "প্রকল্পভূক্ত প্রধান পাম্প, সাবসিডিয়ারী পাম্প, ইনটেক ক্যানেল এবং সাব-স্টেশন এর ব্যয় প্রাক্কলনের লক্ষ্যে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ ও দক্ষ প্রতিষ্ঠান (যেমন বুয়েট/সরকারী প্রকৌশল বিশ্ববিদ্যালয়) কে বহিঃসদস্য হিসেবে অন্তর্ভুক্ত করে পৃথক পৃথক কমিটি গঠন করে ব্যয় প্রাক্কলনপূর্বক পুনর্গঠিত ডিপিপি-তে অন্তর্ভুক্ত করতে হবে" মর্মে সিদ্ধান্ত হয় যা সভার কার্যবিবরণীর ৪.৯ ক্রমিকে সন্নিবেশিত হয়েছে। পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্তের আলোকে নিম্ন লিখিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি ব্যয় প্রাক্কলন কমিটি করা হলো।

| ক্রঃ নং | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটিতে পদ |
|---|---|---|
| ১। | জনাব মোঃ শফিকুল ইসলাম<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ড্রেজার, বাপাউবো, খুলনা। | আহবায়ক |
| ২। | জনাব ডঃ খন্দকার আফতাব হোসেন<br>অধ্যাপক, যন্ত্র কৌশল বিভাগ<br>খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট), খুলনা। | বহিঃসদস্য |
| ৩। | জনাব ডঃ মোঃ আবদুর রফিক<br>অধ্যাপক, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ<br>খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট), খুলনা। | বহিঃসদস্য |
| ৪। | জনাব মোঃ আব্দুল হামিদ<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কুষ্টিয়া পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, কুষ্টিয়া। | সদস্য |
| ৫। | জনাব মোহাম্মদ আব্বাছ আলী<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যাঃ),ডিজাইন সার্কেল-৩, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | জনাব খান মোঃ হাসানুজ্জামান<br>সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়। | সদস্য |
| ৭। | জনাব মোঃ মিজানুর রহমান<br>নির্বাহী প্রকৌশলী (যাঃ), ভেড়ামারা যান্ত্রিক পাম্প হাউজ বিভাগ<br>বাপাউবো, ভেড়ামারা, কুষ্টিয়া। | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধিঃ

ক) বিদ্যমান প্রধান পাম্প হাউজের পাম্প ও মোটরের Specification অপরিবর্তিত রেখে নতুন পাম্প এবং মোটর সহ সংশ্লিষ্ট যান্ত্রিক ও বৈদ্যুতিক যন্ত্রাংশসমূহের বর্তমান বাজার দর যাচাই পূর্বক দর নির্ধারণ করে ব্যয় প্রাক্কলন দাখিল করবেন;

খ) প্রস্তাবিত সাবসিডিয়ারি পাম্প হাউজের পাম্প ও মোটর এবং অন্যান্য যান্ত্রিক ও বৈদ্যুতিক যন্ত্রাংশসমূহের বর্তমান বাজার দর যাচাই পূর্বক দর নির্ধারণ করে ব্যয় প্রাক্কলন দাখিল করবেন;

গ) বর্তমান ও ভবিষ্যৎ সেচ/নিষ্কাশন চাহিদার আলোকে বৈদ্যুতিক সাব-স্টেশন মেরামত ও পুনর্বাসনের লক্ষ্যে বর্তমান বাজার দর যাচাই পূর্বক দর নির্ধারণ করে ব্যয় প্রাক্কলন দাখিল করবেন;

ঘ) কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন;

ঙ) কমিটি সুনির্দিষ্ট কার্যক্রম সমূহের সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন এ আদেশ জারির পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে দাখিল করতে হবে;

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এই দপ্তরাদেশ জারী করা হলো।

২৯/০৮/২৪

(এ, কে, এম তাহমিদুল ইসলাম)
অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন)
বাপাউবো, ঢাকা।

বিতরন (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। জনাব মোঃ শফিকুল ইসলাম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ড্রেজার, বাপাউবো, খুলনা ও কমিটির আহবায়ক।

২। জনাব ডঃ খন্দকার আফতাব হোসেন,অধ্যাপক, যন্ত্র কৌশল বিভাগ,খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) ও কমিটির বহি:সদস্য।

৩। জনাব ডঃ মোঃ আবদুর রফিক, অধ্যাপক, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট), খুলনা ও কমিটির বহি:সদস্য।

৪। জনাব মোঃ আব্দুল হামিদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কুষ্টিয়া পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, কুষ্টিয়া ও কমিটির সদস্য।

৫। জনাব মোহাম্মদ আব্বাছ আলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যাঃ), ডিজাইন সার্কেল-৩, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।

৬। জনাব খান মোঃ হাসানুজ্জামান, সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয় ও কমিটির সদস্য।

৭। জনাব মোঃ মিজানুর রহমান, নির্বাহী প্রকৌশলী (যাঃ), ভেড়ামারা যান্ত্রিক পাম্প হাউজ বিভাগ, বাপাউবো, ভেড়ামারা, কুষ্টিয়া ও কমিটির সদস্য-সচিব।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।

২-৩। প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল/নক্সা, বাপাউবো, ঢাকা/ফরিদপুর।

৪। সি এস টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।

২১.৮.২৪

(মোঃ আতিকুর রহমান)
উপ-পরিচালক (প্রশাসন)
বাপাউবো, ঢাকা।